

আয়না


আজকাল কলকাতা ১৩ জুলাই ২০০৯

র্যাগিং বাদ

পড়াশুনো
খেলাধুলো



আড্ডা
সংস্কৃতি



এই পৃথিবীতে
শুধু ~~র্যাগিং~~ বাদ!

‘পড়াশুনো খেলাধুলো আড্ডা সংস্কৃতি— ছাত্র জীবনের স্বাদ, শুধু র্যাগিং বাদ’। এই হল চলতি শিক্ষাবর্ষে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ‘র্যাগিং রোধে অভিযান’-এর মূল মন্ত্র। সারা বিশ্ববিদ্যালয় জুড়ে র্যাগিংয়ের বিরুদ্ধে বিধিবদ্ধ সতর্কতা জারি করার সঙ্গে সঙ্গে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তিনটি বড় হোর্ডিংয়ের মাধ্যমে ছাত্রদের র্যাগিংয়ের বিরুদ্ধে ক্রমে দাঁড়াতে উৎসাহ জোগানোর উদ্যোগ নিয়েছেন। ছাত্র

জীবনের স্বাদ পেতে গেলে যে র্যাগিং একান্তই ‘অঙ মান আউট’ সে কথা বোঝানোই এই হোর্ডিংগুলির মূল উদ্দেশ্য। রত্নিন ছবি-সহ হোর্ডিং টাঙ্কিয়ে র্যাগিং ধামানোর এই অভিনব প্রয়াস অবশ্য যাদবপুরে এই প্রথম নয়। এর আগে ২০০৭ সালে এই ধরনের হোর্ডিং বিশ্ববিদ্যালয় চত্বরে টাঙানো হয়েছিল। দুবারই হোর্ডিংগুলির বিবয়-পরিকল্পনা করেছেন বিশ্ববিদ্যালয়েরই গণমাধ্যম

বিভাগের প্রাক্তন ছাত্র পরাগ সরকার। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের তরফে ডিন অফ স্টুডেন্টস রজত রায় জানিয়েছেন, ‘আমাদের ছাত্রদের মনে যাতে আরও বেশি করে র্যাগিং সম্পর্কে বিরুদ্ধ মানসিকতা তৈরি হয়, তাই এই অভিনব পরিকল্পনা। আশা করি সুফল পাব।’ সারা বছরই এই হোর্ডিংগুলি বিশ্ববিদ্যালয় চত্বরে টাঙানো থাকবে। অভিনব পরিকল্পনা সন্দেহ নেই।